



# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১  
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)  
প্রধান কার্যালয়, ঢাকা।  
[erecruitment.bb.org.bd](http://erecruitment.bb.org.bd)

বিজ্ঞপ্তি নং: ০৯/২০২৩

তারিখ : ১৩ ফাল্গুন, ১৪২৯  
২৬ ফেব্রুয়ারি, ২০২৩

বাংলাদেশ ব্যাংকে 'ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (জেনারেল)' এর ৫০টি শূন্যপদে নিয়োগের উদ্দেশ্যে অনুষ্ঠিত স্ট্যান্ডার্ড এপ্লিকেশন টেস্টে উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষার আসন বিন্যাস ও সময়সূচি সংক্রান্ত বিজ্ঞপ্তি।

বাংলাদেশ ব্যাংকে ১৬তম গ্রেডভুক্ত 'ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (জেনারেল)' পদে নিয়োগের লক্ষ্যে ০১/০৯/২০২০ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-৪৩/২০২০ এর সূত্রে গত ২২/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত স্ট্যান্ডার্ড এপ্লিকেশন টেস্টে উত্তীর্ণ (১৩/০২/২০২৩ তারিখের বিজ্ঞপ্তি নং-০৭/২০২৩ এর সূত্রে প্রকাশিত ফলাফল অনুসারে) ৩১৮ (তিনশত আঠার) জন প্রার্থীর ব্যবহারিক পরীক্ষা আগামী ১১/০৩/২০২৩ তারিখ (রোজঃ শনিবার) নিম্নে বর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :

কেন্দ্র	ব্যবহারিক পরীক্ষার সময়	রোল নম্বর	প্রার্থী সংখ্যা
AIUB Institute of Continuing Education (এআইইউবি ইনস্টিটিউট অব কন্টিনিউয়িং এডুকেশন) প্লট # ৫৮/বি, রোড # ২১, বনানী, ঢাকা-১২১৩	সকাল ০৯.৩০টা - ১০.৩০টা (এক ঘণ্টা ব্যাপী)	১০০১৪৩-১২২৮৬৪	১৫৯
	দুপুর ১২.০০টা - ০১.০০টা (এক ঘণ্টা ব্যাপী)	১২২৯৭৩-১৪৩৬৮৩	১৫৯
সর্বমোট			৩১৮

- প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে পরীক্ষার কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। স্ট্যান্ডার্ড এপ্লিকেশন টেস্টের প্রবেশপত্রই ব্যবহারিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।
- প্রার্থীকে ০৬(ছয়) ডিজিটের পূর্ণাঙ্গ রোল নম্বর যথাযথভাবে মিলিয়ে পরীক্ষার কক্ষে প্রবেশ করার পরামর্শ প্রদান করা হলো।
- পরীক্ষার কেন্দ্রে কোনো কাগজ, বই, মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্টওয়াচ, যে কোনো ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস, ক্রেডিট ও ডেবিট কার্ড, ক্রেডিট ও ডেবিট কার্ড সদৃশ কোনো ডিভাইস, গহনা, ব্রেসলেট, মানিব্যাগ/ওয়ালেট ও ব্যাগ আনা সম্পূর্ণ নিষিদ্ধ।
- প্রয়োজনীয় চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরুর কমপক্ষে ০১(এক) ঘণ্টা পূর্বে প্রার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরু হওয়ার পর কোনো অবস্থাতেই কোনো প্রার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।
- পরীক্ষা চলাকালীন প্রার্থীরা কানের ওপর কোনো আবরণ রাখতে পারবেন না, উভয় কান দৃশ্যমান রাখতে হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- প্রার্থীদেরকে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ সিরাজুল ইসলাম)  
পরিচালক (এইচআরডি-১)